প্রথম আলো

তারিখ 19 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

# ফেনীতে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষে আহত ১০

## গুলিবিদ্ধ একজনকে চট্টগ্রাম মেডিকেলে স্থানান্তর

ফেনী অফিস ●

ফেনীতে গত মঙ্গলবার রাতে সন্ত্রাসীদের দুই পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে। এদের মধ্যে দুজন গুলিবিদ্ধ হয়ে আহত হন। এলাকার আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে এই সংঘর্ষ হয়েছে বলে জানা গেছে। এ ঘটনায় দুজনকে গ্রেপ্তার এবং একটি মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, সন্ত্রাসীদের দুটি পক্ষই ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত।

গুলিবিদ্ধ আহত দুজন হলেন—বরগুনার আমতলী উপজেলার বেতমোড় গ্রামের আবদুর রশিদের ছেলে আবদুল কুদ্দুছ (২৮) ও ফেনী পৌরসভার কদলগাজী রোডের আবদুল মালেকের ছেলে মো. আজাদ (৩০)। দুজনকে ফেনী সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। অবস্থার অবনতি হলে কুদ্দুছকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। তাঁর বুকে গুলি লেগেছে। তিনি পথচারী বলে এলাকাবাসী জানায়।

পুলিশ ও এলাকাবাসী জানায়, মঙ্গলবার সকালে শহরের বিরিঞ্চি এলাকায় ক্রিকেট খেলাকে কেন্দ্র করে স্থানীয় ছাত্রলীগের শিপন-হারুন (বিরিঞ্চি হারুন) ও সুমন-আরিফ পক্ষের ক্যাডারদের মধ্যে বাগ্‌বিতণ্ডা হয়। এ নিয়ে দিনভর দুই পক্ষের মধ্যে উত্তেজনা বিরাজ করছিল। রাত সাড়ে নয়টার দিকে শহরের বিরিঞ্চি-কদলগাজী রোডের তেমুহনী আনিছ পুকুর পাড়ে দুই পক্ষের ক্যাডারদের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় তারা লাঠিসোটা ও আগ্নেয়াস্ত্র ব্যবহার করে। দুই

এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

